

## 🗏 আত-তূর | At-Tur | ٱلطُّور

আয়াতঃ ৫২:৩৮

## **া** আরবি মূল আয়াত:

## 🗚 অনুবাদসমূহ:

নাকি তাদের আছে সিঁড়ি, যাতে চড়ে তারা (ঊর্ধ্বলোকের কথা) শুনতে পায়; তাদের শ্রোতা স্পষ্ট প্রমাণ নিয়ে আসুক না? — আল-বায়ান

নাকি তাদের কাছে, সিঁড়ি আছে যাতে তারা (আকাশে উঠে যায় আর গোপন কথা) শুনে থাকে? থাকলে তাদের (সেই) শ্রোতা স্পষ্ট প্রমাণ হাজির করুক। — তাইসিরুল

না কি তাদের কোন সিড়ি আছে যাতে আরোহণ করে তারা শ্রবণ করে? থাকলে তাদের সেই শ্রোতা সুস্পষ্ট প্রমাণ উপস্থিত করুক। — মুজিবুর রহমান

Or have they a stairway [into the heaven] upon which they listen? Then let their listener produce a clear authority. — Sahih International

৩৮. নাকি তাদের কোন সিঁড়ি আছে যাতে আরোহন করে শুনে থাকে? থাকলে তাদের সে শ্রোতা সুস্পষ্ট প্রমাণ নিয়ে আসুক!

তাফসীরে জাকারিয়া

(৩৮) নাকি তাদের কোন সিঁড়ি আছে যাতে আরোহণ করে তারা শ্রবণ করে?[1] থাকলে তাদের সেই শ্রোতা সুস্পষ্ট প্রমাণ উপস্থিত করুক!

[1] অর্থাৎ, তারা কি এই দাবী করে যে, সিড়ির মাধ্যমে আকাশে গিয়ে তারাও মুহাম্মাদ (সাঃ)-এর মত ফিরিশতাদের কথা বা তাদের প্রতি প্রত্যাদিষ্ট বাণী শুনে আসে?

তাফসীরে আহসানল বায়ান

• Source — https://www.hadithbd.com/quran/link/?id=4773

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন